



E-Mail: cmu1424@gmail.com, www.cmu.edu.bd

স্মারক নং-চমেবি/রেজি/গবে/২০২৪/১০২৬

০৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখঃ -----
২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ গবেষণার জন্য প্রটোকল জমা দেওয়া প্রসঙ্গে।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের গবেষণা ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক হেলথ প্রফেশনাল এডুকেশন, হেলথ কেয়ার সিস্টেম ও ক্লিনিক্যাল হেলথ কেয়ার সম্পর্কিত উপযুক্ত বিষয়ে গবেষণার জন্য গ্র্যান্ট প্রদান করা হবে। আপনার কলেজের আর্থী গবেষককে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সংযুক্ত Proforma অনুযায়ী বাজেটসহ নিম্নোক্ত শর্তসাপেক্ষে গবেষণা পত্রের প্রটোকল আগামী ৩০/০৬/২০২৪ খ্রি: তারিখের মধ্যে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তসমূহ:

- ১। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট Proforma অনুযায়ী গবেষণা প্রটোকল জমা দিতে হবে।
- ২। Research Protocol এ Institutional Review Board/ Ethical Review Committee এর Clearance থাকতে হবে।
- ৩। গবেষণার বাজেট ০৩ (তিন) লক্ষ টাকার বেশি হতে পারবে না।
- ৪। Inform Consent বাংলা এবং ইংরেজীতে দিতে হবে।
- ৫। কমপক্ষে ১০টি রেফারেন্স থাকতে হবে।
- ৬। গবেষণার মেয়াদকাল ০১ (এক) বছরের বেশি হতে পারবে না এবং ৩ মাস পর গবেষণা কর্মের মিডটার্ম রিপোর্ট দিতে হবে।
- ৭। জাতীয় পর্যায়ে বা কোন ইনস্টিটিউটে চলমান বিষয়ের উপর প্রটোকল গ্রহন করা হবে না।
- ৮। গবেষণার ক্ষেত্রে কোন খাতে কত খরচ হয়েছে বিস্তারিত হিসাবের বিবরণ ভাউচারসহ গবেষণা পত্রের সাথে জমা দিতে হবে।
- ৯। থিসিস/ডিসারটেশন কোনভাবে গবেষণা প্রটোকল হিসেবে গ্রহন করা হবে না।
- ১০। এমডি/এফসিপিএস শিক্ষার্থীরা প্রধান গবেষক (Principal Investigator) হতে পারবে না।
- ১১। যে কোন গবেষক একটি মাত্র গবেষণা কর্মে প্রধান গবেষক হিসেবে নিয়োজিত থাকতে পারবেন।
- ১২। Research Protocol এ Declaration থাকতে হবে যে Research Protocol বাজেটসহ উপস্থাপন করার পর তা চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সম্পদ হিসেবে গন্য হবে এবং চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতীত কোন জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে প্রকাশ করা যাবে না।
- ১৩। গবেষণা কর্ম সম্পন্ন হওয়ার পর উক্ত গবেষণা কর্মের ০৩ কপি বাঁধাই করে ও Manuscript এর সফট কপি MS Word ফরম্যাটে (ইমেইল: cmu1424@gmail.com) করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে। প্রদত্ত Article টি যদি মানসম্মত হয় এবং জার্নাল কমিটি কর্তৃক গৃহীত হয় তবে তা CMU জার্নালে প্রকাশের অধিকার পাবে। উল্লেখ্য যে, CMU Journal BMDC কর্তৃক স্বীকৃত।
- ১৪। গবেষণা ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় হতে পর পর ০২ (দুই) বার Principal Applicant হিসেবে গবেষণা গ্র্যান্ট প্রাপ্ত গবেষকদের প্রটোকল জমা দেওয়ার দরকার নাই।

উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের গবেষণা ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নির্দেশনা মোতাবেক উল্লিখিত সময়ের পর গবেষণার জন্য আর কোন প্রটোকল গ্রহন করা হবে না।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

ডা. হাসিনা নাসরীন

উপ- রেজিস্ট্রার

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়

বিতরণ:

অধ্যক্ষ/পরিচালক

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সকল প্রতিষ্ঠান

স্মারক নং-চমেবি/রেজি/গবে/২০২৪/ ১০২৬/১৩৬

০৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখঃ -----

২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। গবেষণা ব্যবস্থাপনা কমিটির সকল সদস্য।
- ৩। পিএস টু ভিসি, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)
- ৪। সহকারী পরিচালক, অর্থ ও হিসাব, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়।
- ৫। নোটিশ বোর্ড/ওয়েবসাইট ৬। অফিস কপি।

ডা. মাহদিন বিন আমীন

সহকারী রেজিস্ট্রার

ও

সদস্য-সচিব, গবেষণা ব্যবস্থাপনা কমিটি
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়